## অক্টোবর ২০২৪ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৩.১০.২০২৪খ্রি.

সময় ঃ দুপুর ১১.৩০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

জনাব নুজহাত তাসনীম আওন, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

আগস্ট ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় আগস্ট ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে আগস্ট ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করা সম্ভব হয়নি। কারণ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৯ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৫০০ নং প্রজ্ঞাপনমূলে উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ ২০২৪ এর ধারা ১৩ঘ প্রয়োগ করে সকল ভাইস চেয়ারম্যান ও সকল মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে উপজেলা পরিষদের স্ব স্ব পদ থেকে অপসারণ করা হয়।

**সিদ্ধান্তঃ ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাপতি অপসারিত হওয়ায় আপাততঃউপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত স্থগিত/বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি দায়িত্ব পালন সম্পর্কিত জারীকৃত পরিপত্রসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।



ASMA - Bibith

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান যে, মাঠে রোপা চলমান রয়েছে। রবি মৌসুম শুরু হয়েছে। প্রস্তুতি আছে। কোন সমস্যা নেই। প্রকৃত কৃষককে প্রণোদনা দেয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর অনুরোধ করেন। | ১. স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালের বিভিন্ন বিভাগের কাজ যথানিয়মে চলছে। তিনি আরও জানান যে, রোগীর সংখ্যা বেশী। ৮ জন চিকিৎসকের স্থলে ৫ জন চিকিৎসক নিয়ে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। ফলে জনবল সংকট সত্ত্বেও জাতীয় কর্মসূচিসহ টিকাদান কর্মসূচি অব্যাহত রয়েছে। জরায়ুর মুখে ক্যান্সার প্রতিরোধে ৫ম হতে ৯ম শ্রেণি পর্যন্ত ছাত্রীদের টিকা প্রদান কর্মসূচি আগামী ২৪ অক্টোবর ২০২৪ তারিখে উদ্বোধন করা হবে। Online রেজিস্ট্রেশন করতে হবে। ছাত্রীদের শিক্ষা প্রতিষ্ঠানে এ টিকা প্রদান করা হবে। তবে শিক্ষার্থী ব্যতিত ১০-১৪ বছর বয়সী সাধারণ কিশোরীদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে ঠিকা প্রদান করা হবে। তিনি নিজ নিজ অবস্থানে থেকে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>বিষয়টি মনিটরিং করার জন্য কমিটির সদস্যসহ সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানিয়ে এ কর্মসূচি সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জরায়ুর মুখে ক্যান্সার প্রতিরোধে টিকা প্রদানের বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্ট সকল। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ছাগলের PPR হচ্ছে। PPR এর টিকা বিনামূল্যে দেয়া হবে। জনসাধারণের অবগতির জন্য ব্যাপক প্রচারের ব্যবস্থা নেয়া হয়েছে। গত এক মাসে ২২৬৪টি গবাদি প্রাণির এবং ১৬৫৯৫টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীদের কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি । কৃত্রিম প্রজনন ৩২১ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৬৪টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ২০০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ০১টি হয়েছে। ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ মাসে কোন মোবাইল কোর্ট পরিচালিত হয়নি। তবে অক্টোবর হতে ডিসেম্বর ২০২৪ মাস পর্যন্ত একসাথে ৩ মাসের টিকা সরবরাহ করা হয়েছেঃ (১) তড়কা-২০০০ মাত্রা, (২) বাদলা-১৫০০ মাত্রা, (৩) গলাফুলা-৫০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-২০০০০ মাত্রা, (৫) আরডিবি-১০০০০ মাত্রা, (৬) ফাউল পক্স-০০ মাত্রা, (৭) পাউল কলেরা-০০ মাত্রা, (৮) গট পক্স-০০ মাত্রা, (৯) গামবোরো-১০০০০ মাত্রা, (১০) ডাকপ্লেগ-০০, (১১) ক্ষুরা-১৬০ মাত্রা এবং (১২) ছাগ বসন্ত-০০ মাত্রা। সর্বমোট=৪৪১৬০ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের বদলিজণিত কারণে জনাব মোঃ হানিফ উদ্দিন ০২.১০.২০২৪ তারিখ থেকে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। তিনি জানান যে, নতুন গেজেট হয়েছে। অফিসার আসবেন। বিদায়ী উপজেলা মৎস্য অফিসার খুব সুন্দর করে দাপ্তরিক কাজগুলো করেছেন। তিনি আশুরার বিল ও মৎস্য ঋণ আদায়ে অফিসার ইনচার্জ, বিরামপুর থানার সহযোগিতা কামনা করেছেন। তিনি আরও জানান যে, ২২ অক্টোবর থেকে ৩ নভেম্বর ২০২৪ পর্যন্ত মা ইলিশ ধরা বন্ধ থাকবে।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, টাস্কফোর্সের কার্যক্রম দৃশ্যমান হয়নি। সবাইকে নিয়ে ১টি অভিযান চালানোর জন্য তিনি উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করলে তিনি সম্মতি জানান। এ উপজেলায় নবাগত কর্মকর্তাবৃন্দকে তিনি স্বাগত জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিদ্যুৎ বিল বকেয়া থাকায় সংযোগ বিচ্ছিন্নের কাজ চলছে। আপাতত কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, খানপুরে ন্যাটাশনে ব্রীজ হচ্ছে। রেঞ্জার, চরকাই রেঞ্জ বন বিভাগের জায়গায় অবৈধভাবে স্থাপনা তৈরী করা হচ্ছে মর্মে সভায় জানালে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জানান যে, জায়গা অধিগ্রহণ করে ব্রীজ নির্মাণ করা হচ্ছে। তিনি বন বিভাগকে সরেজমিনে পরিদর্শন করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১.২ উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সঠিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও বলেন যে, ভূ-গর্ভস্থ পানির ব্যবহার কমানোর জন্য পত্র প্রদান করা হয়েছে। যদি কোথাও জলাবদ্ধতা থাকে তবে বিষয়টি তাকে অবহিত করার জন্য অনুরোধ করেন। যে খাসপুকুরগুলো ইজারা দেয়া হয়না সে পুকুরগুলোতে পানি সংরক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। মাঠের কাজ স্বাভাবিক ভাবে চলছে। STW এর ০.০৫ পাওয়ারে সংযোগ নিয়ে লোড বৃদ্ধি করছে। নিজের জমিতে না বসিয়ে STW অন্যের জমিতে বসানো হচ্ছে।<br>উক্ত বক্তব্যের পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর দিপবিস-২ এর বক্তব্য জানতে চাইলে জানানো হয় যে, মালিকানার জমি হলে ০.০৫ তেকে ২.০০ পাওয়ারে সংযোগ দেয়া হয়। সেচের আবেদনের প্রেক্ষিতে তদন্ত করতে গেলে খুব ঝামেলা হয়। ২টি তদন্ত টিম গঠন করা হয়েছে। তদন্ত করতে গেলে লোকজন লাঠিসোটা নিয়ে আসে। বিশেষ করে খানপুর ইউনিয়নে এ প্রবণতা বেশী। সেচ কমিটির মিটিং নভেম্বর ২০২৪ মাসে করা হবে। ৭/৮টি আবেদন তদন্তের অপেক্ষায় আছে। মিটিং এর পূর্বে পুলিশী সহায়তা নিয়ে সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য বিএমডিএকে অনুরোধ করা হয়। সেইসাথে অফিসার ইনচার্জ, বিরামপুর থানাকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।<br>অফিসার ইনচার্জ, বিরামপুর থানা সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. **পুলিশী সহায়তা নিয়ে তদন্তপূর্বক দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করা হয়।** | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | জনাব মোঃ মমতাজুল, অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম চলছে। পুলিশকে সকলের প্রয়োজন। তিনি সমস্যা সমাধানে সহযোগিতা প্রদানের আশ্বাস দেন এবং কোন সমস্যা হলে পূর্বে অবহিত করার জন্য তিনি অনুরোধ করেন। জনসাধারণের সার্বিক কল্যাণে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন অফিসার ইনচার্জ, বিরামপুর থানা। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>এ প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর আর কোন অনাকাঙ্খিত ঘটনা ঘটবে না মর্মে আশা প্রকাশ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। পূজার ছুটি শেষে আবারও শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৫ আগস্ট ২০২৪ এর পরে যে অবস্থার সৃষ্টি হয়েছিল তা প্রতিহত করা হয়েছে। এসএসসি ২০২৫ ব্যাচের নির্বাচনী পরীক্ষা ২০২৪ শুরু হয়েছে। পরীক্ষা সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। শিক্ষা প্রতিষ্ঠানে স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রতিবন্ধীদের আবেদন গ্রহণের কার্যক্রম শুরু হয়েছে। নতুন প্রতিবন্ধি নির্বাচনের জন্য নভেম্বর ২০২৪ মাসের প্রথম সপ্তাহে সভা আহ্বান করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে অনুরোধ করেন। আবেদনকারীকে আবেদনে অবশ্যই নিজের মোবাইল নম্বর দিতে হবে। তিনি ইউনিয়ন পর্যায়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রতিবন্ধী নির্বাচনের জন্য আবেদন গ্রহণের কার্যক্রম শুরু হওয়ায় ইউনিয়ন পর্যায়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদকে অনুরোধ করেন।। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, সেচ বিষয়ে খুব বিব্রতকর অবস্থায় পড়তে হচ্ছে। তদন্ত প্রতিবেদন অনুযায়ী ব্যবস্তা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। খুব দ্রুত সেচ কমিটির মিটিং আহ্বান করার জন্য তিনি অনুরোধ করেন। তিনি আরও জানান যে, আগামী মৌসুমে ঋণ আদায়ের হার বাড়বে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান যে, মা ও শিশু ভাতাভোগী নির্বাচন করতে হবে। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতিমাসে ৯ জন ভাতাভোগী নির্বাচন করতে হবে। ৪ মাসে মোট ৩৬ জন। সকল চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদকে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। ব্যাংক হিসাব নম্বর অবশ্যই সঠিক হতে হবে মর্মে তিনি জানিয়ে দেন। চেয়ারম্যানগণকে আগামী ৩১.১০.২০২৪ তারিখের মধ্যে শর্ত মেনে যাচাই-বাছাই করে প্রকৃত ভাতাভোগী নির্বাচন করে প্রাথমিক তালিকা কার্যবিবরণীসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। তিনি আরও জানান যে, **<u>জয়িতা অন্বেষনে বাংলাদেশ</u>** এর ৫ ক্যাটাগরীতে আগামী ৫ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে আবেদন করতে হবে। শিক্ষিকাবৃন্দ যেন আবেদন করেন এ বিষয় তিনি উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। VWB চালের বরাদ্দ এসেছে মর্মে তিনি অবহিত করেন। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর এ বিষয়ে ইউনিয়ন সচিবদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, অবশ্যই শর্ত মোতাবেক ভাতাভোগী নির্বাচন করতে হবে। সেইসাথে বর্তমান সময়ে সরকারি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সমস্যা নেই। পৃথক পৃথকভাবে OTP আসবে। প্রতিবার এন্ট্রি দিতে হবে। একটি ট্যুর শেষ করে এন্ট্রি দিতে হবে। সার্ভারে না আসার কারণে হার্ডকপি লাগবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর ২য় পর্যায়ের নাম পরিবর্তন করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের শিরোনাম ও এর বিভিন্ন কম্পোনেন্টের নাম পরিবর্তন করা হয়েছে মর্মে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ইডিসি প্রকল্পের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি/বেসরকারি বিভিন্ন অফিসে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের কাজ চলমান আছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকেশিক্ষা প্রতিষ্ঠানসমূহকে এই সংক্রান্ত বিষয়ে অবহিত করা এবং উক্ত সংযোগ প্রদানে ভেন্ডর কোম্পানিকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা আইসিটি কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | জনাব মোঃ এনামুল হক চৌধুরী জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর হিসেবে ২৩.০৯.২০২৪ তারিখে এ উপজেলা যোগদান করেছেন। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, যুব প্রশিক্ষণ চলছে। ৪টি উপজেলার মধ্যে বিরামপুর উপজেলার অবস্থান নাজুক। তিনি | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | কর্মকর্তাগণের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, দাপ্তরিক কাজে মাঠ পর্যায়ে গেলে যে যুবরা ঋণ গ্রহণ করেছেন এখনও পরিশোধ করেননি তাদেরকে ঋণ পরিশোধ করার বিষয়ে উদ্বুদ্ধ করবেন। জোতবানী ইউনিয়নে আদিবাসী সম্প্রদায় মাদকের আখড়া বানিয়েছে কেটরা কলেজের কয়েকগজ দূরে। রীতিমত মাদকের আড্ডা চলে। মাদকের ভয়াবহতা থেকে যুব সমাজকে রক্ষাকল্পে এ আড্ডা ভেঙ্গে ফেলার জন্য তিনি অফিসার ইনচার্জকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে।<br>আগামী ২৪.১০.২০২৪ তারিখে জরায়ুর মুখে ক্যান্সার প্রতিরোধে টিকাদান কর্মসূচি শুরু হবে। উক্ত কর্মসুচিতে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের অসমাপ্ত কাজ সমাপ্ত হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দ পাওয়া যায়নি। তবে বরাদ্দ পেলে উপজেলা নির্বাহী অফিসারের সাথে পরামর্শ করে ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের কাজ শেষ হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দ পাওয়া যায়নি। প্রশাসনিক কোন জটিলতা নেই মর্মে তিনি অবহিত করেন। কাজ শুরু হয়নি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রতিবছরের ন্যায় নভেম্বর মাসের প্রথম শনিবার জাতীয় সমবায় দিবস ২০২৪ পালিত হবে। শনিবার ছুটির দিন বিধায় তিনি উক্ত জাতীয় দিবসের সকল অনুষ্ঠানে সবাইকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | জনাব মোঃ খায়রুল আলম, উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, তিনি ০১.১০.২০২৪ তারিখ থেকে বিরামপুর উপজেলায় অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। তার মূল কর্মস্থল নবাবগঞ্জ উপজেলায়। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। তিনি আরও জানান যে, বন বিভাগে কাজ করা চ্যালেঞ্জিং। এখানে অনেক সমস্যা চিহ্নিত করে সমাধানের চেষ্টা চলছে। প্রতিবছর ৭টি ক্যাটাগরিতে বৃক্ষরোপনে অবদান রাখার জন্য ব্যক্তি/প্রতিষ্ঠান নির্বাচন করা হয়। তিনি এই ৭টি ক্যাটাগরিতে কেউ আবেদন করলে তিনি সার্বিক সহযোগিতা করার আশ্বাস দেন। এ উপজেলায় কার্যকারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নতুন ভোটার হওয়ার কার্যক্রম চলমান রয়েছে। নিরাপত্তা ব্যবস্থায় কোন ঝুঁকি থাকলে তা জানানোর জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলা নির্বাচন অফিসারকে অনুরোধ করলে তিনি জানান যে, আপাতত কোন ঝুঁকি নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর জেলা পর্যায়ের সভায় যোগদান করায় এ সভায় উপস্থিত হতে পারেননি মর্মে উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ঋণ আদায়ের হার কম। তবে নভেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত আদায় ভাল হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায়ের হার ৯২%। তবে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের কারণে আদায় কম হয়েছে। তবে আশা করা যায় ডিসেম্বর ২০২৪ মাসে আদায় বৃদ্ধি পাবে। | ১. স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তিনি তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>৬ষ্ঠ ধাপের কাজ শেষ হয়েছে। আগামী ১ ও ২ নভেম্বর ২০২৪ তারিখে অডিট হবে। তবে সাপ্তাহিক ছুটির দিন থাকায় অডিট টিমের সাথে আলোচনা করে সময় বদলে নিতে হবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর জেলা মিটিং এ যাওয়ায় এ সভায় উপস্থিত হতে পারেননি। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>আনসার বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৬<br>ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, শিশুদের পাঠদান চলছে। জরায়ুর মুখে ক্যান্সার প্রতিরোধে ১০-১৪ বছর বয়সী মেয়েদের টিকা প্রদানের বিষয়টি আগামী শুক্রবার জুম্মার খুৎবায় অবহিত করার বিষয়ে ইমামদের নিয়ে আজ মিটিং হয়েছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, |
| আলোচনাঃ ৩৭<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৩<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪৪<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৫<br>বিবিধ | -- | | |

৪৬. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**সেপ্টেম্বর/২০২৪ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর সেপ্টেম্বর/২০২৪ মাসের ২৯দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান=(১৫,৯৫০+১৫,৯৫০=৩১,৯০০/-) | =৩১,৯০০/- |
| ০২ | সেপ্টেম্বর/২০২৪ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =২০,০০০/- |
| ০৩ | সেপ্টেম্বর/২০২৪আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৪ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে সেপ্টেম্বর/২০২৪ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৫ | জুলাই হতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত বিআরডিবি জোড়াবাড়ির ভাড়া বাবদ প্রদান | =১২,০০০/- |
| ০৬ | উপজেলা পরিষদ জীপগাড়ি নং-দিনাজপুর-ঘ-১১-০০৬৬ এর ১টি লুকাস ব্যাটারী ক্রয় বাবদ বিল প্রদান (১০% ভ্যাট=১৫৫৩/ ও ৫% আয়কর=৭৭৬/-সহ) | =১৫,৫২৫/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

জনাব নাজিয়া নওরীন, সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর অতিথি হিসেবে আজকের সভায় উপস্থিত থেকে সংস্থাভিত্তিক কর পরিশোধের জন্য সবাইকে অনুরোধ জানান। বন বিভাগ কর্তৃক ৯,০০,০০০.০০ (নয়লক্ষ) টাকা কর পরিশোধ করায় এ সভার মাধ্যমে তিনি বন বিভাগকে ধন্যবাদ জানান। তিনি অন্যান্য দপ্তরকে কর পরিশোধ করার জন্য আবারও অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, শবজির বাজারে অস্থিতিশীল অবস্থার সৃষ্টি হয়েছে। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা ও ব্লক সুপারভাইজারের সমন্বয়ে ইউনিয়ন পর্যায়ে একটি মনিটরিং টিম গঠন করে বাজার মনিটরিং করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, বিরামপুরকে অনুরোধ জানান হয়। এ কমিটিকে সার্বিক সহযোগিতা করবে প্রত্যেক ইউনিয়নের গ্রাম পুলিশগণ। প্রতিটি দোকানে অবশ্যই মূল্য তালিকা দৃশ্যমান স্থানে টানানো থাকতে হবে। বিশেষ করে ডিম, কাঁচা মরিচ, আলু, পেঁয়াজের মূল্য মনিটর করতে হবে। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সহকারী কমিশনার (ভূমি), বিরামপুরকে উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ করেন। কেটরা, কাটলা ও জোতবানীতে নিয়মিত বাজার মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

26/10/24

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.৮৭৫/১(৪৫)

তারিখঃ ০৬.১১.২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৩. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪ সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।
০৫. প্রশাসক, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭. উপজেলা......................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
০৮. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
০৯. জনাব ............................................................... মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৬/১১/২৪

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd